

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
সাধারণ শাখা



আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস- ২০২৩ উদ্যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
সভার তারিখ	৩০ নভেম্বর ২০২৩
সভার সময়	বেলা ১১.৩০ টা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি সভার প্রারম্ভে সরকারি দপ্তর প্রধান, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধিবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সামাজিক ও ধর্মীয় নেতৃবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, এনজিও প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), ব্রাহ্মণবাড়িয়া মন্ত্রিপরিষদ বিভাগ ও দুদক হতে প্রাপ্ত পত্রসমূহ এবং কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের কর্মসূচী উপস্থাপন করেন। আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ তারিখ “আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস- ২০২৩” পালিত হবে। এবারের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে- “উন্নয়ন শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ”। দুর্নীতি দমন কমিশন কর্তৃক প্রেরিত কর্মসূচীর নিরিখে জেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচী গ্রহণের বিষয়ে উপস্থিত সদস্যগণকে মতামত ও পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানান।

২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	তারিখ ও সময়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	০৯ ডিসেম্বর ২০২৩ সকাল ০৬.০০ টায়	দুর্নীতি বিরোধী বাণী সম্বলিত ব্যানার স্থাপন।	১.১) আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২৩ উদ্যাপন উপলক্ষে সংশ্লিষ্ট অধিক্ষেত্রাধীন দৃশ্যমান ও উন্মুক্ত স্থানে দুর্নীতি বিরোধী বাণী সম্বলিত ব্যানার স্থাপন করতে হবে।	ক) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া। খ) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া গ) মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা।
০২	০৯ ডিসেম্বর ২০২৩ সকাল ০৯.৩০ টায় স্থান: জেলাপ্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ, ব্রাহ্মণবাড়িয়া।	দুর্নীতি বিরোধী দিবসের উদ্বোধনের আনুষ্ঠানিক ঘোষণা করা।	২.১) জাতীয় সংগীত পরিবেশন করা হবে। ২.২) জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। ২.৩) কবুতর ও ফেস্টুন-বেলুন উড়ানো হবে। ২.৪) দিবস উদ্বোধনের আনুষ্ঠানিক ঘোষণা করা হবে।	ঘ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া। ঙ) সহকারী পরিচালক, দুদক, কুমিল্লা অঞ্চল। চ) দপ্তর প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ছ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
০৩	০৯ ডিসেম্বর ২০২৩ সকাল ১০.০০ টায় স্থান: জেলাপ্রশাসকের কার্যালয়, প্রাঙ্গণ, ব্রাহ্মণবাড়িয়া।	মানববন্ধন আয়োজন করা।	৩.১) আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২৩ উদ্যাপন উপলক্ষে জেলাপ্রশাসকের কার্যালয়ে “মানববন্ধন” অনুষ্ঠিত হবে।	জ) সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। ঝ) জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
০৪	০৯ ডিসেম্বর ২০২৩ সকাল ১০.৩০ টায় স্থান: জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।	আলোচনা সভার আয়োজন।	৪.১) “দুর্নীতি দমন প্রতিরোধে করণীয়” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। ৪.২) মানববন্ধন ও আলোচনা সভায় আইন শৃংখলা নিশ্চিত করতে হবে।	ঞ) দুর্নীতি প্রতিরোধ কমিটি। ট) চেয়ারম্যান/ ইউপি সচিব (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ঠ) এনজিও প্রতিনিধি।
০৫	০৯ ডিসেম্বর ২০২৩	দুর্নীতি বিরোধী তথ্যচিত্র প্রদর্শন করা।	সুবিধাজনক স্থান এবং সময়ে জেলা ও উপজেলায় দুর্নীতিবিরোধী তথ্যচিত্র প্রদর্শন নিশ্চিত করতে হবে।	ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া খ) জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
০৬	০৯ ডিসেম্বর ২০২৩	উপজেলা পর্যায়ে সকল কর্মসূচী গ্রহণ করা।	উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ দুর্নীতি দমন কমিশন, টিআইবি ও সচেতন নাগরিক কমিটি (সনাক) এবং এনজিওদের সমন্বয়ে উপজেলার সকল কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে অনুরূপ কর্মসূচী গ্রহণ করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

সভাপতি দুর্নীতিবিরোধী দিবস উদ্যাপনে এ জেলার সুশীল সমাজ, সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং এনজিওদের সক্রিয় অংশগ্রহণ কামনা করেন এবং সকলকে দুর্নীতি প্রতিরোধে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিব এর দপ্তর, দুর্নীতি দমন কমিশন
- ২) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৩) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৬) জনাব , ব্রাহ্মণবাড়িয়া
- ৭) অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া।
- ৮) উপজেলা নির্বাহী অফিসার,(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ৯) দপ্তর প্রধান , ব্রাহ্মণবাড়িয়া।
- ১০) কমিটি, ব্রাহ্মণবাড়িয়া
- ১১) নির্বাহী পরিচালক/ সভাপতি , ব্রাহ্মণবাড়িয়া
- ১২) জনাব , ব্রাহ্মণবাড়িয়া



মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া